


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনগুলোতে (ঈদের দিন ব্যতীত) চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থল বন্দরের আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের চলমান শিপমেন্টগুলো সময়মত জাহাজিকরণের নিমিত্তে ও রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রম সচল রাখার স্বার্থে ৫, ৬, ৭ এপ্রিল এবং ১০ এপ্রিল থেকে ১৪ এপ্রিল, ২০২৪ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থলবন্দরের কার্যক্রম অন্যান্য বছরের ন্যায় চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এ সংক্রান্ত নৌপরিবহন মন্ত্রণালয়ের আদেশ স্মারক নং: ১৮.০০.০০০০.০২১.১৮.০২৫.২২.১২১ তারিখঃ ৩১/০৩/২০২৪ আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চবক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০২১.১৮.০২৫.২২.১২১

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০

৩১ মার্চ ২০২৪

বিষয়: আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনগুলোতে (ঈদের দিন ব্যতীত) চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থল বন্দরের আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

সূত্র: বিজিএমইএ পত্র নং-বিজিএ/কাস/২০২৪/৪৫৭৭, তারিখ: ১৯/০৩/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বিজিএমইএ হতে প্রাপ্ত পত্রের আলোকে চলমান শিপমেন্টগুলো সময়মত জাহাজীকরণের নিমিত্তে ও রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের আমদানি- রপ্তানি কার্যক্রম সচল রাখার স্বার্থে ৫, ৬, ৭ এপ্রিল এবং ১০ এপ্রিল থেকে ১৪ এপ্রিল, ২০২৪ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে চট্টগ্রাম বন্দর ও বেনাপোল স্থল বন্দরের কার্যক্রম অন্যান্য বছরের ন্যায় চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

৩১-৩-২০২৪

নজরুল ইসলাম আজাদ

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৪৯৩৫৪২৬৯

ইমেইল: ds.cpa@mos.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০২১.১৮.০২৫.২২.১২১/১

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০

৩১ মার্চ ২০২৪

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, বন্দর অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
- ৩) সভাপতি, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

৩১-৩-২০২৪

নজরুল ইসলাম আজাদ

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)